কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে আমিনুর রহমান সাব্বির নামে দুই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। গতকাল সোমবার দুপুরে উপজেলার জালালপুর গ্রামের মালোখালি পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত সাব্বির ওই গ্রামের কবিরুল বিশ্বাসের একমাত্র ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, সোমবার দুপুরে শিশু সাব্বির খেলতে যেয়ে বাড়ির মধ্যে একটি টিউবয়েলের পানির গর্তে পড়ে যায়। পরে পরিবারের লোকজন গর্তের মধ্যে শিশু সাব্বিরের ডুবন্ত অবস্থায় দেখতে পায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন, স্থানীয় ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে আন্তর্জতিক নারী দিবস পালিত

“প্রজন্ম হোক সমতার সকল নারীর অধিকার” এই প্রতিপাদ্য নিয়ে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুেও নারী সমাবেশ কর্মসূচি অনুষ্টিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সমাবেশ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

নারীর ক্ষমতায়নে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনা সভায় উপজেলা

নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: রতন মিয়া, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃদাঃ) মেহেরুন্নেছা, পল্লী উন্নয়ন অফিসার বাহাউল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে ১১ জন প্রশিক্ষণার্থী নারীদের মাঝে ১ লাখ ৬৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে ছিনতাইকারী আটক-আড়াই লাখ টাকা উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে এনজিও কর্মীর ছিনতাই হওয়া আড়াই লাখ টাকা সহ এক ছিনতাইকারীকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে পৌর শহরের অগ্রণী ব্যাংকের সামনে থেকে এনজিও কর্মীর টাকা ছিনতাই করে পালানোর সময় স্থানীয় জনতা তাকে ধৃত করে। খবর পেয়ে থানার এস.আই তৌফিক আনাম সঙ্গীয় ফোর্সসহ ঘটনাস্থল থেকে তাকে আটক করেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইন্চার্জ মাহাবুবুল আলম জানান, বৃহস্পতিবার সকালে বন্ধু কল্যান ফাউন্ডেশনের ফরহাদ হোসেন নামে এনজিও কর্মী শহরে অগ্রনী ব্যংক শাখা থেকে দুই লাখ পঞ্চাশ হাজার টাকা উত্তোলন করেন।

তিনি ব্যাংক থেকে টাকা নিয়ে রাস্তায় বের হওয়ার পরই এক যুবক তার হাত থেকে টাকা ভর্তি ব্যাগ ছিনিয়ে নিয়ে পালানোর চেষ্টা করে। এ সময় এনজিও কর্মীর আর্তচিৎকারে জনতা ধাওয়া করে ছিনতাইকারী ওই যুবক কে আটক করে।

এসময় আসামীর কাছ থেকে ছিনতাইকৃত আড়াই লাখ টাকা উদ্ধার করা হয়।

ছিনতাইকারী যুবক যশোর কোতয়ালী থানার হাশিমপুরের আমতলা পুকুরপাড়া গ্রামের খলিল হাওলাদারের পুত্র বিল্লাল হোসেন (২৬)।

এ ঘটনায় বন্ধু কল্যান ফাউন্ডেশনের এরিয়া মনিটরিং অফিসার শাহিনুর রহমান সাইফার বাদী হয়ে কোটচাঁদপুর থানায় মামলা দায়ের করেছেন।

মেপ্র/আরপি

কোটচাঁদপুর কপোতাক্ষ নদে কচুরিপানা অপসারণের উদ্বোধন

নদী রক্ষায় সকলকে উদ্বুদ্ধ করতে ঝিনাইদহের কোটচাঁদপুরে কপোতাক্ষ নদের কচুরিপানা অপসারণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গত মঙ্গলবার বিকাল ৫টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং জেলা প্রশাসন, জেলা পরিষদ ও উপজেলা পরিষদের সহযোগিতায় শহরের ব্রীজঘাট এলাকায় এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত হয়ে রোভার স্কাউটদের সাথে নিয়ে নৌকা চালিয়ে কর্মসূচির উদ্বোধন করেন, ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এর আগে তিনি বলুহর ইউনিয়নের হাড়ভাঙ্গা গ্রামে গুচ্ছগ্রাম প্রকল্পের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো: রবিউল ইসলাম, অতিরিক্ত জেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: ইরফানুল হক, উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা, সহকারি কমিশনার, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংস্কৃতিক, সামাজিক, সাংবাদিক সহ নদী পাড়ের শত শত মানুষ।

কপোতাক্ষ নদের কচুরিপানা অপসারণ উপলক্ষে নদীকেন্দ্রিক মনোজ্ঞ

সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে ১৮ কোটি টাকা ব্যায়ে সড়ক সংস্কার কাজের উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া-তালিনা-জালালপুর-তালশার বাজার-দোড়া-লক্ষীপুর ও খালিশপুরের দীর্ঘ ২৫ কিলোমিটার সড়ক ১৭ কোটি ৯৯ লক্ষ টাকা ব্যায়ে সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

পিএমপি (ম্যাজোর) এর অর্থায়নে এবং সড়ক ও জনপথ বিভাগের বাস্তবায়নে গতকাল বুধবার বিকালে খালিশপুর বাজারের গবিন্দপুর মোড়ে মোড়ক উম্মোচন করে সড়ক উন্নয়নের কাজের উদ্বোধন করেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য অ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

পরে সাফদারপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে স্থানীয় আঁখ সেন্টার ঈদগাহ ময়দানে এক উদ্বোধনী জনসভা অনুষ্ঠিত হয়।

সাফদাপুর ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নওশের আলী নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জাতীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া সড়ক সার্কেলের তত্বাবধায়ক প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, ঝিনাইদহ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী জিয়াউল হায়দার, কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি।

এছাড়াও উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম বাবলু, যুগ্ন-সম্পাদক সামাউল হক লাড্ডু, সাফদারপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক শেখ মো: খালিদ হোসেন, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন বিশ্বাস, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, পৌর আওয়ামী লীগের যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সোলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী, মুক্তিযোদ্ধা কায়দার রহমানসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হচ্ছে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। একুশের প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে হাজারো মানুষের সুনশান নিরবতা ভেঙ্গে রাত ০০.১ মিনিটে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে দিবসটি পালন শুরু করা হয়।

প্রথম প্রহরে শহীদ বেদীতে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন ও পুষ্পমাল্য অর্পণ করেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খান চঞ্চল। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকিসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

এরপর উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ এবং একে একে বিভিন্ন

রাজনৈতিক, সামাজিক, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাবসহ সর্বস্তরের মানুষ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা আর একুশের চেতনা বাস্তবায়নের শপথ ও দোয়া করা হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে সকাল ৮টায় উপজেলা পরিষদ চত্তর থেকে প্রভাতফে রী বের করা হয়।

প্রভাতফেরী র্যালীটি শহরের প্রধাণ প্রধাণ সড়ক প্রদক্ষিণ শেষে সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে শেষ হয়। এতে উপজেলা চেয়ারম্যান, নির্বাহী অফিসার, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ফায়ার সার্ভিস, রোভার স্কাউট, ইসলামী ব্যাংক সহ নানা শ্রেণী- পেশার মানুষ অংশ নেন।

পরে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বই মেলাসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

কোটচাঁদপুরে সেচ পাম্পের বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল কৃষকের

ঝিনাইদহের কোটচাঁদপুরে সেচ পাম্পের বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল রেজাউল হোসেন রেজা (২৫) নামে এক কৃষকের। গতকাল সোমবার দুপুরে উপজেলার মুরুটিয়া গ্রামে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার বলুহর ইউনিয়নের মুরুটিয়া গ্রামের সিদ্দিক হোসেনের ছেলে রেজাউল হোসেন রেজা সোমবার সকালে গ্রামের উত্তর মাঠে জমিতে সেচ কাজের জন্য যায়। এসময় তিনি সেচ পাম্পের বিদ্যুতের সুইজ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এবং

ঘটনাস্থলেই ওই কৃষকের মৃত্যু হয়।

দুপুরে পরিবারের লোকজন খোঁজ না পেয়ে নিহতের ছোট ভাই ঘটনাস্থলে যেয়ে ভায়ের মৃত দেহ মাঠে পড়ে থাকতে দেখেন। পরে পরিবারের লোকজন ও স্থানীয়রা মৃতদেহটি উদ্ধার করে নিয়ে আসেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সতত্য নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে সড়ক দূর্ঘটনায় শিক্ষার্থীর পা বিছিন্ন

ঝিনাইদহের কোটচাঁদপুর পল্লিতে মোটরসাইকেল ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে পা হারালেন মোটরসাইকেল আরোহী সজিব হোসেন (২২) নামে এক শিক্ষার্থী।

এসময় গুরতর আহত হয়েছেন রানা (২১) নামে অপর একজন। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। পরে উন্নত চিকিৎসার জন্য তাদেরকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে উপজেলার সাফদারপুর বালিয়াডাঙ্গা গ্রামের আমতলা নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানাযায়, সোমবার সকালে মোটরসাইকেল যোগে দুই যুবক কোটচাঁদপুর শহরে দিকে রওনা হন। পথিমধ্যে ঘটনাস্থলে পৌছালে বিপরীত দিক থেকে বেপরোয়া গতিতে আসা মাছ বোঝাই একটি আলমসাধুর সঙ্গে সংঘর্ষ হয়।

এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল আরোহী সজিবের একটি পা শরীর থেকে বিছিন্ন হয়ে যায়। এবং অপর একজনের পা ভেঙ্গে গুরতর আহত হন। পরে ওই যুবকের বিছিন্ন পা পার্শ্ববর্তী একটি পুকুর থেকে উদ্ধার করা হয়।

আহতরা হলেন, উপজেলার সাফদারপুর ইউনিয়নের কন্যানগর গ্রামের আমানউল্লার কলেজ পড়ুয়া ছেলে সজিব ও জীবননগর উপজেলার করর্চাডাঙ্গা গ্রামের উসমানের ছেলে রানা।

মেপ্র/আরপি

কোটচাঁদপুর পৌর কলেজের উদ্যোগে এমপি চঞ্চলকে সংবর্ধনা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর ডিগ্রি কলেজের উদ্যোগে স্থানীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চলকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার বেলা ১২টার দিকে শহরের কাশিপুর পৌর ডিগ্রি কলেজ মাঠ চত্তরে এই সংবর্ধনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি অধ্যাপক (অবঃ) ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য অ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সরকারি কে.এম.এইচ ডিগ্রি কলেজের উপাধাক্ষ্য রেজাউর রহমান, মডেল থানার পরিদর্শক(তদন্ত) ইমরান আলম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সহ-সভাপতি লুৎফর রহমান, পৌর আওয়ামী লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ মো: হুমায়ন।

এছাড়াও ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, মিজানুর রহমান খাঁন, আব্দুল হান্নান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক, ও প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

পরে জনপ্রিয় শিল্পীদের অংশগ্রহনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেপ্র/ আরপি

কোটচাঁদপুর-জীবননগর সড়কে লংভেহিকেল-আলমসাধু সংঘর্ষে নিহত ১,আহত ৪

ঝিনাইদহের কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কে বিদ্যুতের পোল বোঝাই লং ভেহিকেল-আলমসাধু সংঘর্ষে ১ জন নিহত ও ৪ আলমসাধু যাত্রী আহত হয়েছেন। এদের মধ্যে গুরতর আহত দুজনকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কের বর্জাপুরে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক লংভেহিকেলের গাড়ী চালক ও হেলপার কে আটক করেছে পুলিশ।

পুলিশসূত্রে জানাযায়, বুধবার সকাল ১০টার দিকে কোটচাঁদপুর থেকে আলমসাধু বোঝাই কয়েকজন দিন মজুর জীবননগর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বর্জাপুর নামক স্থানে বিপরীত দিক থেকে আসা পোল বোঝাই একটি লংভেহিকেল গাড়ী আলমসাধু গাড়ীকে সজোরে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই কামাল হোসেন (৩২) নামে এক দিন মজুর নিহত হন। এ ঘটনায় ৪ জন আহত হয়েছে।

স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। এদের মধ্যে দুজনার অবস্থার অবনতি হলে তাদেরকে যশোর জেনারেল হানসপাতালে রেফার্ড করা হয়।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মোর্শেদ হোসেন খাঁন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় ঘাতক গাড়ী এবং চালক ও হেলপারকে আটক করা হয়েছে।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –
আর্থ সামাজিক উন্নয়নের অংশিদার হতে চায় গাংনীর সন্ধানী সংস্থা